

## ❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৯০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৯৬]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (حضور دفنه المكت) (عند قبره بعد دفنه)

পরিচ্ছেদঃ ১৪৪: রোগীকে সাক্ষাৎ করে জিজ্ঞাসাবাদ করার মাহাত্ম্য

### (144) بَابُ عِيَادَةِ الْمَرِيضِ

আরবী

وَعَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ اللَّهَ - عَزَّ وَجَلَّ - يَقُولُ يَوْمَ الْقِيَامَةِ: يَا ابْنَ آدَمَ، مَرَضْتُ فَلَمْ تَعُدْنِي! قَالَ: يَا رَبِّ، كَيْفَ أَعُودُكَ وَأَنْتَ رَبُّ الْعَالَمِينَ؟! قَالَ: أَمَا عَلِمْتَ أَنَّ عَبْدِي فُلَانًا مَرَضَ فَلَمْ تَعُدَّهُ! أَمَا عَلِمْتَ أَنَّكَ لَوْ عُدْتَهُ لَوَجَدْتَنِي عِنْدَهُ! يَا ابْنَ آدَمَ، اسْتَطَعَمْتُكَ فَلَمْ تُطْعِمْنِي! قَالَ: يَا رَبِّ، كَيْفَ أَطْعِمُكَ وَأَنْتَ رَبُّ الْعَالَمِينَ؟! قَالَ: أَمَا عَلِمْتَ أَنَّهُ اسْتَطَعَمَكَ عَبْدِي فُلَانٌ فَلَمْ تُطْعِمَهُ! أَمَا عَلِمْتَ أَنَّكَ لَوْ أَطْعَمْتَهُ لَوَجَدْتَ ذَلِكَ عِنْدِي! يَا ابْنَ آدَمَ، اسْتَسْقَيْتُكَ فَلَمْ تَسْقِنِي! قَالَ: يَا رَبِّ، كَيْفَ أَسْقِيكَ وَأَنْتَ رَبُّ الْعَالَمِينَ؟! قَالَ: اسْتَسْقَاكَ عَبْدِي فُلَانٌ فَلَمْ تَسْقِهِ! أَمَا عَلِمْتَ أَنَّكَ لَوْ سَقَيْتَهُ لَوَجَدْتَ ذَلِكَ عِنْدِي! « رواه مسلم

বাংলা

৩/৯০১। উক্ত রাবী (আবু হুরায়রাহ) রাদিয়াল্লাহু 'আনহু থেকেই বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আল্লাহ আয্যা অজাল্ল কিয়ামতের দিন বলবেন, 'হে আদম সন্তান! আমি অসুস্থ ছিলাম, তুমি আমাকে দেখতে আসনি।' সে বলবে, 'হে প্রভু! কিভাবে আমি আপনাকে দেখতে যাব, আপনি তো সারা জাহানের পালনকর্তা?' তিনি বলবেন, 'তুমি কি জানতে না যে, আমার অমুক বান্দা অসুস্থ ছিল? তুমি তাকে দেখতে যাওনি। তুমি কি জানতে না যে, তুমি যদি তাকে দেখতে যেতে, তাহলে অবশ্যই তুমি আমাকে তার কাছে পেতে?

হে আদম সন্তান! আমি তোমার কাছে খাবার চেয়েছিলাম, তুমি আমাকে খাবার দাওনি।' সে বলবে, 'হে প্রভু! আমি আপনাকে কিভাবে খাবার দেব, আপনি তো সারা জাহানের প্রভু?' আল্লাহ বলবেন, 'তোমার কি জানা ছিল না যে, আমার অমুক বান্দা তোমার কাছে খাবার চেয়েছিল, কিন্তু তাকে তুমি খাবার দাওনি? তোমার কি জানা ছিল না যে, যদি তাকে খাবার দিতে, তাহলে অবশ্যই তা আমার কাছে পেতে?

হে আদম সন্তান! তোমার কাছে আমি পানি পান করতে চেয়েছিলাম, কিন্তু তুমি আমাকে পান করাওনি।' বান্দা বলবে, 'হে প্রভু! আপনাকে কিরূপে পানি পান করাবো, আপনি তো সমগ্র জগতের প্রভু?' তিনি বলবেন, 'আমার অমুক বান্দা তোমার কাছে পানি চেয়েছিল, তুমি তাকে পান করাওনি। তুমি কি জানতে না যে, যদি তাকে পান করাতে, তাহলে তা অবশ্যই আমার কাছে পেতে? ' (মুসলিম) [1]

## English

(144) Chapter: Visiting the Sick

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) said, "Verily, Allah, the Exalted, and Glorious will say on the Day of Resurrection: 'O son of Adam, I was ill but you did not visit Me.' He would say: 'O my Rubb, how could I visit you and You are the Rubb of the worlds?' Thereupon He would say: 'Did you not know that such and such a slave of Mine was ill but you did not visit him? Did you not realize that if you had visited him (you would have known that I was aware of your visit to him, for which I would reward you) you would have found Me with him? O son of Adam, I asked food from you but you did not feed Me.' He would submit: 'My Rubb, how could I feed You and You are the Rubb of the worlds?' He would say: 'Did you not know that such and such a slave of Mine asked you for food but you did not feed him? Did you not realize that if you had fed him, you would certainly have found (its reward) with Me? O son of Adam, I asked water from you but you did not give it to Me.' He would say: 'My Rubb, how could I give You (water) and You are the Rubb of the worlds?' Thereupon He would say: 'Such and such a slave of Mine asked you for water to drink but you did not give it to him. Did you not realize that if you had given him to drink you would have found (its reward) with Me?'"

[Muslim].

Commentary: The person who is more beneficial to the slaves of Allah is loved most by Him. Allah likes it very much if somebody serves His creatures and treats them well. He will give him the best reward for it. Here, one has been urged in an effective and eloquent way to visit the sick and to treat the needy nicely.\* This Hadith is a clear-cut proof refuting pantheism for it is clear that this Hadith differentiates between the Creator and the creature in terms of feeding, giving water to drink, visiting, etc.

\* This Hadith confirms the speech as Divine attribute.

\* That Allah rewards His slaves for their good deeds, and never wrongs a thing.

- \* The duty of looking after the Muslims and their interests seeking the pleasure of Allah.
- \* The duty of visiting the sick.
- \* The duty of offering food for the hungry needy Muslims.

### ফুটনোট

[1] মুসলিম ২৫৬৯, আহমাদ ৮৯৮৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23933>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন